রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, মার্চ ১৫, ২০১০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**

**পরিবেশ শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৯ মার্চ ২০১০

## জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড থেকে এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান নির্বাচন ও প্রকল্প বাস্তবায়ন নীতিমালা

**নং পবম/পরিবেশ শাখা-১/৩/ক্লাইমেট চেঞ্জ-৩৮/২০০৯/১৯৬**—জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড থেকে এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান নির্বাচন ও প্রকল্প বাস্তবায়ন নীতিমালা করা হয়েছে, যা নিম্নরূপ ঃ

১। **প্রতিষ্ঠানের ধরণ ঃ**

(ক) এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানকে স্বেচ্ছাসেবী, সেবামূলক, অরাজনৈতিক এবং অলাভজন হতে হবে।

(খ) কোন ব্যক্তি এবং ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানকে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড থেকে অর্থ বরাদ্দের জন্য বিবেচনা করা হবে না।

(গ) কোন বিদেশী বা আন্তর্জাতিক এনজিও বা প্রতিষ্ঠানকে এই ফান্ডের আওতায় কোনো দেশীয় প্রতিষ্ঠানের সঙ্গে যৌথভাবে প্রকল্প প্রস্তাব দাখিল করলে অর্থ বরাদ্দের জন্য বিবেচনা করা যেতে পারে। তবে দেশীয় প্রতিষ্ঠান এক্ষেত্রে সবসময় অগ্রাধিকার পাবে।

২। **রেজিস্ট্রেশন ঃ**

(ক) এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানকে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে নিবন্ধিত হতে হবে।

(খ) বৈধ নিবন্ধন ব্যতীত কোন এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান এই ফান্ডের জন্য বিবেচিত হবে না।

(গ) রেজিস্ট্রেশনের মেয়াদ হালনাগাদ বৈধ থাকতে হবে।

৩। **অভিজ্ঞতা ঃ**

(ক) আবেদনকারী এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানকে জলবায়ু পরিবর্তন, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা, পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ, জীবন-জীবিকা (Livelihood) এবং জলবায়ু পরিবর্তন সম্পর্কিত স্বাস্থ্য সেবা ইত্যাদি কাজে পূর্ব অভিজ্ঞতা এবং উপযুক্ত প্রশাসনিক জনবল থাকতে হবে। অন্যথায় কোন এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানকে অর্থ বরাদ্দের জন্য বিবেচনা করা হবে না।

৪। **আর্থিক ব্যবস্থাপনা ঃ**

(ক) এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা প্রমাণের স্বপক্ষে প্রতিষ্ঠানের হালনাগাদ নিরীক্ষিত প্রতিবেদন জমা দিতে হবে।

৫। **প্রাতিষ্ঠানিক অবকাঠামো উন্নয়ন/স্থাপন ঃ**

(ক) আবেদনকারী এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান যে এলাকার জন্য আবেদন করবে সে এলাকায় নিজস্ব অফিস ও উপযুক্ত জনবল থাকতে হবে।

(খ) প্রকল্প অর্থ থেকে এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়ন, স্থাপন ও প্রতিষ্ঠানের জন্য প্রশাসনিক জনবল নিয়োগ করা যাবে না।

৬। **প্রকল্প আহবান ঃ**

(ক) পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজন অনুযায়ী বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানের নিকট থেকে প্রকল্প আহবান করা হবে।

৭। **প্রকল্প সংখ্যা ঃ**

(ক) কোন এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানকে জলবায়ু পরিবর্তন সংক্রান্ত যে ক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা এবং দক্ষতা রয়েছে, কেবলমাত্র সেই ক্ষেত্রে আবেদন করার জন্য উৎসাহিত করা হবে।

(খ) কোন এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানকে এককভাবে দাখিলকৃত একটি মাত্র গ্রহণযোগ্য প্রকল্প মঞ্জুর করা হবে। তবে যৌথভাবে দাখিলকৃত প্রকল্পে সহযোগী হিসেবে ঐ প্রতিষ্ঠানকে আরও একটি মাত্র গ্রহণযোগ্য প্রকল্প মঞ্জুর করা যেতে পারে।

(গ) কোন এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক ইতোপূর্বে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের আওতায় গৃহীত প্রকল্প যথাসময়ে সমাপ্ত করেনি বা প্রকল্পের কার্যক্রম অনিষ্পন্ন অবস্থায় রেখে দিয়েছে, সে সকল এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানকে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড থেকে অর্থ বরাদ্দের জন্য বিবেচনা করা হবে না।

(ঘ) দ্বৈততা পরিহারের লক্ষ্যে একই এলাকায় একই ধরণের একাধিক প্রকল্প প্রদান করা হবে না।

৮। **প্রকল্প উপস্থাপন ঃ**

(ক) কোন এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানের প্রকল্প প্রাথমিকভাবে নির্বাচনের পর উক্ত এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানকে কারিগরি কমিটির নিকট প্রস্তাবিত প্রকল্পটি Power Point Presentation এর মাধ্যমে উপস্থাপন করতে হবে।

৯। **প্রকল্প মেয়াদ ঃ**

(ক) এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত প্রকল্পের মেয়াদ ২ থেকে ৩ বৎসরের জন্য নির্ধারিত হবে।

(খ) প্রকল্প প্রস্তাবকালীন সময়ে প্রকল্পের জন্য যে সময়কাল নির্ধারণ করা হবে, সে অনুযায়ী প্রকল্প সমাপ্ত করতে হবে।

১০। **অর্থ ছাড় ঃ**

(ক) জলবায়ু পরিবর্তন ট্রাস্টী বোর্ড কর্তৃক অনুমোদিত প্রকল্পে প্রতি অর্থ বছর তিন কিস্তিতে অর্থ ছাড় করা হবে।

(খ) প্রকল্প অনুমোদন দেয়ার ১৫ দিনের মধ্যে প্রথম কিস্তির অর্থছাড়ের জন্য বাৎসরিক কর্মপরিকল্পনা ও বিস্তারিত বাজেট বিভাজনসহ সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় বরাবরে আবেদন করতে হবে। বাজেট প্রদানের জন্য নির্ধারিত ছক সংযোজনী-১ এ দেওয়া হলো।

(গ) দ্বিতীয় কিস্তির অর্থছাড়ের প্রস্তাবের সাথে ১ম কিস্তির অর্থ ছাড়ের বিপরীতে আর্থিক এবং বাস্তব অগ্রগতি প্রতিবেদন; তৃতীয় কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণের সময় প্রথম ও দ্বিতীয় কিস্তির অর্থ ছাড়ের বিপরীতে আর্থিক এবং বাস্তব অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত ছকে প্রেরণ করতে হবে (সংযোজনী-২)। পরবর্তীতে এই ধারা চলবে।

(ঘ) প্রত্যেক এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানকে বাস্তব ও আর্থিক অগ্রগতির প্রতিবেদন নির্দিষ্ট ছকে প্রেরণ করতে হবে।

(ঙ) এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব উৎস হতে প্রকল্পের অনুকূলে আর্থিক ব্যয়ের (যদি প্রস্তাব করা হয়ে থাকে) পরিমাণ এবং বাস্তব অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে।

(চ) যে কোন সিডিউল ব্যাংকে প্রকল্পের নামে একটি হিসাব খুলতে হবে। হিসাবটি প্রতিষ্ঠানের পক্ষে ০২ জন উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষরে পরিচালিত হবে।

১১। **প্রকল্প অডিট ঃ**

(ক) জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় প্রকল্পসমূহ বেসরকারি অডিট ফার্ম দ্বারা যথারীতি নিরীক্ষা করাতে হবে। তাছাড়া সরকারি নিরীক্ষা টিম কর্তৃক সময় সময় নিরীক্ষা করা হবে।

(খ) অডিট টিম কর্তৃক সুনির্দিষ্ট আর্থিক অনিয়ম ও অপচয় প্রমাণিত হলে সমপরিমাণ অর্থ সংশ্লিষ্ট এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানকে সরকারের নিকট ফেরত দিতে হবে। অন্যথায় তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

১২। **মূল্যায়ন ও পরিবীক্ষণ ঃ**

(ক) জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় অর্থায়নকৃত প্রকল্পসমূহ ট্রাস্টী বোর্ড কর্তৃক নির্ধারিত সরকারি বা বেসরকারি টিম কর্তৃক প্রকল্প চলাকালীন ও সমাপ্ত হওয়ার পর মূল্যায়ন ও পরিবীক্ষণ করা হবে।

(খ) মূল্যায়ন টিম কর্তৃক প্রকল্প সংশ্লিষ্ট কোন পরিবর্তন/পরিবর্ধন/পরামর্শ প্রদান করলে তা উক্ত এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানকে গ্রহণ করতে হবে এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) জলবায়ু পরিবর্তন ইউনিট কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি মূল্যায়ন করার জন্য প্রতি তিন মাস অন্তর একটি মূল্যায়ন সভা আহবান করা হবে।

১৩। **প্রকল্প সমাপ্তি প্রতিবেদন ঃ**

(ক) এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানকে প্রকল্প সমাপ্তির ১৫ দিনের মধ্যে নির্ধারিত ছকে প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন জমা দিতে হবে।

১৪। **প্রকল্পের মালামাল ঃ**

(ক) প্রকল্পের আওতায় ক্রয়কৃত সকল মালামাল ও যন্ত্রপাতি আলাদা স্টক রেজিস্টারে হিসাব রাখতে হবে। প্রতিটি স্থায়ী আইটেমের গায়ে একটি নম্বর প্রদান করতে হবে।

(খ) প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের মালামাল ও যন্ত্রপাতি পরিবেশ ও বন মন্ত্রণালয়ে ফেরত দিতে হবে অথবা জলবায়ু পরিবর্তন ট্রাস্টী বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৫। **প্রকল্প বাতিল ঃ**

(ক) কোন এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানকে প্রদত্ত প্রথম কিস্তির অর্থ যথাযথভাবে খরচ ও প্রকল্প কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে ব্যর্থ হলে ঐ প্রকল্প তাৎক্ষণিকভাবে বন্ধ করে দেয়া হবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানকে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড থেকে প্রদত্ত অর্থ সম্পূর্ণ ফেরত দিতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

১৬। **আরবিট্রেশন ঃ**

(ক) কোন প্রকল্প বাস্তবায়ন নিয়ে জটিলতা/মতদ্বৈততা দেখা দিলে সে ক্ষেত্রে জলবায়ু ট্রাস্টী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই নীতিমালা জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস এম মনজুরুল হান্নান খান**
উপ-সচিব।

**সংযোজনী-১**

**লক্ষ টাকায়**

| অর্থনৈতিক কোড | আইটেম/অঙ্গের নাম | অঙ্গভিত্তিক বরাদ্দ | প্রস্তাবিত কিস্তির টাকার পরিমাণ |
|---|---|---|---|

**সংযোজনী-২**

**লক্ষ টাকায়**

| অর্থনৈতিক কোড | আইটেম/অঙ্গের নাম | অঙ্গভিত্তিক বরাদ্দ | প্রস্তাবিত কিস্তির টাকার পরিমাণ | পূর্ববর্তী কিস্তির বরাদ্দ | পূর্ববর্তী কিস্তির ব্যয় | | চলতি অর্থ বছরের ক্রমপুঞ্জিত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব |

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd